

সংশোধিত পত্র  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৬.৯৮.০০১.২৫.২৮


তারিখ ০৩ ফাল্গুন ১৪৩১  
১৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত নিয়ামকসমূহের ভিত্তিতে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর মাধ্যমে তালিকা সংগ্রহপূর্বক প্রতিটি উপজেলা থেকে ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার এর জন্য উপযুক্ত প্রতিষ্ঠানের নাম সংযুক্ত ছক মোতাবেক প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর আগামী ২৫.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠান নির্বাচনের নিয়ামকসমূহ:

- ক) বিগত ৫ বছর, ১০ বছর এবং ১৫ বছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয় নাই বা মেরামত ও সংস্কার কাজ করা হয় নাই সেসকল প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- খ) অধিক ছাত্র-ছাত্রীর সংখ্যা বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
- গ) বিভিন্ন পাবলিক পরীক্ষা কেন্দ্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- ঘ) প্রান্তিক (Remote) এলাকার শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
- ঙ) বন্যা প্রবণ/প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকার ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- চ) শিক্ষা প্রতিষ্ঠানের বৈদ্যুতিক, শৌচাগার নির্মাণ/মেরামত ও সংস্কার ও পানি সরবরাহ সংক্রান্ত নির্মাণ/মেরামত ও সংস্কার অগ্রাধিকার পাবে;
- ছ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান/স্বীকৃতি ও EIIN নম্বর নাই সে সকল প্রতিষ্ঠান বিবেচনা করা যাবে না;
- জ) যে সকল প্রতিষ্ঠানে কাঁচা/সেমিপাকা ভবন বিদ্যমান উক্ত প্রতিষ্ঠানের ভবন নির্মাণে অগ্রাধিকার পাবে।

  
ড. খ ম কবিরুল ইসলাম  
সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

জেলা প্রশাসক

.....(সকল) জেলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৩. যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৪. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
০৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৬. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা; এবং
০৭. অফিস কপি।

